

26 জুন, 2020

প্রিয় পরিবারবর্গ,

এই অভূতপূর্ব শিক্ষা বছর যখন সমাপ্তির দিকে, তখন আমি আপনাকে ও আপনার সন্তানকে স্কুল ভবনগুলো বন্ধ করার সুপারিশের বাস্তবায়ন ও দূর থেকে শিক্ষার সাথে মানিয়ে চলায় আপনাদের ধৈর্য, পরিশ্রম ও অধ্যবসায়ের জন্য ধন্যবাদ জানাতে চাই। এই পরিস্থিতিটি আপনাদের জন্য যে সমস্যা তৈরি করেছে এবং আমাদের শিক্ষার্থীদের জন্য যে নতুন নতুন জটিলতা নিয়ে এসেছে—বিশেষ করে তাদের ক্ষেত্রে, যাদের রয়েছে ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP), আমি সেটা উপলব্ধি করতে পারি। আপনার সন্তানকে সহায়তা দিতে এবং এবং এই সমস্যাসম্মূল সময়ের সাথে খাপ খাইয়ে নিতে আপনারা আমাদের সাথে অংশীদার হিসেবে যা করেছেন, তার সব কিছু জন্য আমরা আপনাদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ।

আমরা যখন ভার্সুয়াল শিক্ষানির্দেশনা ও টেলিথেরাপি প্রোগ্রামে নিয়োজিত আছি, আপনারাও তখন ঘটনার প্রেক্ষিতে সক্রিয় হয়ে উঠেছেন ও আপনার সন্তানের সবচেয়ে মূল্যবান সহায়তার উৎস হিসেবে কাজ করছেন। আপনার সন্তানের চাহিদা সবচেয়ে ভালভাবে পূরণের জন্য যেসব সুযোগ-সুবিধা রয়েছে, সেগুলো থেকে বেছে নেওয়াতে আমাদের সহায়তাদানের জন্য আমরা আমাদের সহযোগীতার পথযাত্রা জুড়ে প্রকৃত পরিবর্তন আনয়নকারী সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে আপনার সাথে যে শক্তিশালী সম্পর্কের বন্ধন তৈরি করেছি, আমরা তার উপর খুব বেশি নির্ভর করবো।

সামার-এর (গ্রীষ্মের) পদার্পনকালে সহায়তার জন্য বর্ষসমাপনী আলাপ-আলোচনার জন্য আপনার সন্তানের শিক্ষক আপনার সাথে হয়তো যোগাযোগ করেছেন। আপনার যদি বাড়তি তথ্যের প্রয়োজন হয়, অনুগ্রহ করে আপনার সন্তানের প্রিন্সিপ্যালের সাথে সরাসরি যোগাযোগ করুন। আপনাকে সন্তানের IEP-এর লক্ষ্যে অর্জিত অগ্রগতি সম্পর্কে প্রশ্ন করার, এবং দূর থেকে শিক্ষাকালে আপনার সন্তানের কোন্ দিকটিতে কাজ করা হয়েছে বা হয়নি, তা নিয়ে সুপারিশ ও মতামত প্রদানের এবং সামার-এ পদার্পনে সহায়তার জন্য তথ্যলাভের অনুরোধ জানাতে আমরা আপনাকে পরামর্শ দিচ্ছি। এছাড়াও বাড়তি প্রাতিষ্ঠানিক সহায়তার জন্য সামার স্কুল সম্পর্কে যে কোনো সুপারিশ প্রদানের জন্য আমরা আপনাকে আপনার সন্তানের শিক্ষক ও স্কুল প্রশাসকদের সাথে কথা বরার পরামর্শ দিচ্ছি।

বিগত তিন মাস যাবত আমরা পরিবার সংশ্লিষ্টতা ও ক্ষমতায়ন বিষয়টি যে কী হতে পারে, সে ব্যাপারে আমাদের দৃষ্টিকে সম্প্রসারিত করেছি। বিভিন্ন কর্মশালা ও ফোরামে আমরা আপনাদের ছেলেমেয়ের শিক্ষা প্রক্রিয়া সম্পর্কে আপনার মতো পিতামাতা ও পরিবারের মতামত, উত্থাপিত প্রশ্ন, উদ্বেগ এবং সুপারিশ শুনেছি। আমরা আপনাদের অনেকের কাছ থেকে শুনেছি যে, প্রতিবন্ধিতায়ুক্ত ছেলেমেয়েদের পরিবারের জন্য অনলাইন শিক্ষামূলক কর্মশালা 'বিয়ন্ড অ্যাকসেস', সাথে সাথে পরিবারের জন্য দেওয়া অফিসের সময় মূল্যবান তথ্য জুগিয়েছে যা সাথে সাথে ব্যবহার করা যেতে পারে। আমরা তথ্য-উপকরণ, কর্মশালা এবং পরিবারের জন্য অধিবেশসমূহ অব্যাহত রাখবো যাতে আপনাকে সেপ্টেম্বরে ও পরবর্তী সময়ের জন্য প্রস্তুত হতে আপনাকে সহায়তা দেওয়া যায়।

আমরা যখন ফল-এর (হেমন্তের) দিকে দৃষ্টিপাত করছি ও সম্ভাব্য সবচেয়ে নিরাপদভাবে স্কুল ভবনগুলো পুনরায় খুলে দেয়ার ব্যাপারে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করছি, আমরা তখন কোন্ বিষয়টি আপনার ও আপনার সন্তানের জন্য সবচেয়ে ভালো কাজ করবে, সে ব্যাপারে আমরা আপনাদের দেয়া মতামতের উপর অব্যাহতভাবে নির্ভর করবো। আপনি যদি ইতোমধ্যে না করে থাকেন, তাহলে অনুরোধ করছি, অনুগ্রহ করে প্রক্রিয়াটিকে সঠিক পথে পরিচালনায় আমাদের সহায়তা দিতে আমাদের রিটার্ন টু স্কুল সার্ভে (স্কুলে পুনরায় ফিরে আসা সংক্রান্ত জরিপ) 30 জুনের মধ্যে [schools.nyc.gov/returntoschool2020](https://schools.nyc.gov/returntoschool2020) ওয়েবপেজে পূরণ করুন।

আমাদের সকল IEP-যুক্ত শিক্ষার্থীকে পরিষেবা এবং তাদের জন্য অত্যন্ত উন্নত শিক্ষার সুযোগ দানের জন্য আমরা DOE-এর পক্ষ থেকে দৃঢ়তার সাথে প্রতিশ্রুতিবদ্ধ।

সন্তানের শিক্ষায় আপনাদের সহায়তার জন্য কৃতজ্ঞ এবং আপনার সামার উপভোগ্য হবে বলে প্রত্যাশা করছি।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন